বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা।

www.bpatc.org.bd

৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	: রমেন্দ্র নাথ বিশ্বাস রেক্টর
সভার তারিখ	: ০১ ফেব্রুয়ারি ২০২২
সভার সময়	: সকাল ১০:৩০ টা
স্থান	: রেক্টর্স কনফারেন্স রুম, আইটিসি
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সূচনা করা হয়। সভাপতির অনুরোধে পরিচালক (পিপিআর) ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রস্তুতি সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
১	৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান	পরিচালক (পিপিআর) জানান যে, সাধারণত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানসমূহ আড়ম্বরপূর্ণ পরিবেশে আয়োজন করা হয়ে থাকে। এক্ষেত্রে মন্ত্রিসভার সদস্য অথবা উর্দ্ধতন কর্মকর্তাদের প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর রেওয়াজ রয়েছে। উপস্থিত সদস্যবৃন্দ, করোনা পরিস্থিতি বিবেচনায়, সরকারের নির্দেশনা মোতাবেক উদ্বোধন অনুষ্ঠান আয়োজন ও অতিথিদের আমন্ত্রণ জানানোর বিষয়টি বিবেচনার জন্য মত প্রকাশ করেন।	১.১ করোনা পরিস্থিতি বিবেচনায় নিয়ে উদ্বোধনী অনুষ্ঠান এবং অতিথিদের আমন্ত্রণের বিষয়ে ০৬ ফেব্রুয়ারি ২০২২ এর পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে। তবে যথাযোগ্য আয়োজনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের ক্ষেত্রে ঘাটতি রাখা যাবেনা। **বাস্তবায়নকারী:** কোর্স ম্যানেজমেন্ট সিএমটি-১, সিএমটি-২, ৭৩তম এফটিসি ও পরিচালক (প্রশাসন/পিপিআর)
২	কোর্স ম্যানেজমেন্ট টিম-১ ও ২ গঠন	বিপিএটিসি ছাড়াও আরো ৫টি সহযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয় নিশ্চিতকল্পে কোর্স ব্যবস্থাপনা টিম গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিচালক (পিপিআর) বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কেন্দ্রে ২৪৫জন প্রশিক্ষণার্থীকে মনোনয়ন প্রদান করা হয়েছে। প্রতি শাখায় ৪০ জন প্রশিক্ষণার্থী হিসেবে মোট ০৬টি শাখা গঠন করা যেতে পারে। তিনি আরো বলেন, বিপিএটিসি'র বাইরে আরো ০৫টি প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ অনুষ্ঠিত	২.১ সিএমটি-১ ও সিএমটি-২ গঠনপূর্বক অতিসত্বর অফিস আদেশ জারি করার সিদ্ধান্ত নেয়া হয়। ২.২ সিএমটি-১ এর শাখা সমন্বয়কগণই সিএমটি-২ এর প্রাতিষ্ঠানিক সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। একজন কর্মকর্তা সমন্বয়ক (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া, সিএমটি-২ এর ক্ষেত্রে পৃথক কোর্স উপদেষ্টা ও কোর্স পরিচালক থাকবেন।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
		হবে। এসব প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের জন্য সিএমটি গঠন করা হয়ে থাকে। এক্ষেত্রে সিএমটি-১ (বিপিএটিসি'র জন্য) এবং শাখা সমন্বয়কদের নিয়েই সিএমটি-২ গঠন করা যেতে পারে। এছাড়া সিএমটি-২ এর জন্য সমন্বয়ক (সার্বিক) নামে একটি নতুন পদবি প্রস্তাব করা হয়। চট্টগ্রাম আরপিএটিসিতে অনুষ্ঠিতব্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য পূর্বের ধরাবাহিকতায় কোর্স ম্যানেজমেন্ট টিম গঠন করা হবে। কেন্দ্রের একজন এমডিএস এর উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।	**বাস্তবায়নকারী:** পরিচালক (পিপিআর)
৩	বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনা	বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অনুষদ সদস্যদের অধিক সংখ্যক সেশন পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। অনুষদ সদস্যগণ শ্রেণীকক্ষে ন্যূনতম ২টি সেশন পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন মর্মে সভায় মত দেয়া হয়।	৩.১ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনায় (ন্যূনতম দু'টি বিষয়ে) কেন্দ্রের অনুষদবৃন্দকে পর্যাপ্ত প্রস্তুতি গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারী:** অনুষদ সদস্য (সকল) ৩.২ সেশন আয়োজনের ক্ষেত্রে যৌথ অধিবেশনের সংখ্যা হ্রাসের চেষ্টা করতে হবে। **বাস্তবায়নকারী:** সংশ্লিষ্ট কোর্স প্রশাসন
৪	কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যদের কিট এলাউন্স/সম্মানী প্রদান	সভায় পরিচালক (পিপিআর) জানান বুনিয়াদি প্রশিক্ষণসহ কোর কোর্সসমসূহে দায়িত্ব পালনের জন্য সিএমটির সদস্যগণ কোন সম্মানী বা ভাতা প্রাপ্য হননা। ইতোমধ্যে ৭২তম এফটিসি কোর্স চলাকালে কিট এলাউন্স অথবা মূল বেতনের ২৫% সম্মানী প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয় হতে ফিরতি পত্রে প্রস্তাবটি কেন্দ্রের বোর্ডের অনুমোদন সহকারে প্রেরণের জন্য বলা হয়েছে। এ অবস্থায়, প্রস্তাবটি বোর্ড সভায় উপস্থাপনের জন্য প্রশাসন শাখাকে বলা যেতে পারে।	৪.১ কোর কোর্সসমূহের সিএমটির সদস্যবৃন্দের জন্য কিট এলাউন্স/সম্মানী প্রদানের বিষয়টি বিপিএটিসি'র বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **বাস্তবায়নকারী:** পরিচালক (প্রশাসন/পিপিআর)
৫	৭৩তম বুনয়াদি প্রশিক্ষণ কোর্সের পাঠক্রম চূড়ান্তকরণ	সভায় জানানো হয়, আসন্ন ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের জন্য পাঠক্রম পরিমার্জন ও চূড়ান্তকরণ করা প্রয়োজন। ইতোমধ্যে কেন্দ্রের অনুষদ সদস্যদের সমন্বয়ে গঠিত কমিটিসমূহের মতামত ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে পাঠক্রম হালনাগাদ করার কার্যক্রম	৫.১ ৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স শুরুর পূর্বেই সিডিসি সভার মাধ্যমে কোর্সের পাঠক্রম চূড়ান্ত করতে হবে। **বাস্তবায়নকারী:** সভাপতি/সদস্য সচিব, পাঠক্রম উন্নয়ন কমিটি

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
		চলমান। কেন্দ্রের কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটি এতদ্‌বিষয়ে সুপারিশসহ হালনাগাদকৃত পাঠক্রম রেক্টর সমীপে পেশ করবে।	(সিডিসি) ও পরিচালক (পিপিআর)
৬	মডিউল পরিচালক মনোনয়ন	আসন্ন বুনিয়াদি কোর্সের জন্য মডিউল পরিচালক মনোনয়ন বিষয়ক আলোচনা হয়। এমডিএস (আরএন্ডসি) ড. মোঃ মহসীন আলী বলেন, ইতোপূর্বে অনুষদ সদস্যগণ হতে আগ্রহ-প্রস্তাব সংগ্রহ করা হয়েছিল। এছাড়া বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রত্যেক অনুষদবর্গের দক্ষতার ক্ষেত্রসমূহ উল্লেখ রয়েছে। এসব তথ্যের আলোকে মডিউল পরিচালক নির্বাচন করা যেতে পারে।	৬.১ যথাযথ যাচাই-বাছাইসাপেক্ষে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রারম্ভেই মডিউল পরিচালক নির্ধারণ করতে হবে। **বাস্তবায়নকারী:** পরিচালক (পিপিআর)
৭	প্রশিক্ষণ কোর্সের বক্তা নির্বাচন	আসন্ন কোর্সের বক্তা নির্বাচন সংক্রান্ত আলোচনায় সভাপতি অভিমত প্রকাশ করেন যে, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের বক্তাগণের অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা ও বাস্তব জ্ঞানসম্মত হওয়া উচিত। এমতাবস্থায়, সদ্য সমাপ্ত ৭২তম এফটিসি'র বক্তার তালিকাকে ভিত্তি ধরে এবং সংশ্লিষ্ট মডিউল পরিচালকদের সরবরাহকৃত বক্তার তালিকার সমন্বয়ে ৭৩তম এফটিসি'র বক্তা নির্বাচন করা যেতে পারে মর্মে অভিমত প্রকাশ করা হয়।	৭.১ ৭২তম বুনিয়াদি কোর্সের বক্তার তালিকা এবং মডিউল পরিচালকদের সরবরাহকৃত তালিকার সমন্বয়ে রেক্টরের অনুমোদনক্রমে কোর্সের বক্তা নির্বাচন করতে হবে। **বাস্তবায়নকারী:** কোর্স প্রশাসন, ৭৩তম ও ৭২তম এফটিসি
৮	কেন্দ্রের অবকাঠামোগত প্রস্তুতি	সভায় জানানো হয় যে, কেন্দ্র প্রকল্পের আওতায় নির্মাণ কাজ চলায় বিপিএটিসিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের বিশেষত মহিলা ডরমিটরিতে অবস্থানকারীদের অসুবিধা (যেমন-শব্দ ও বায়ুদূষণ) হতে পারে। এছাড়া, আসন্ন কোর্সটিতে শিশুসহ মা প্রশিক্ষণার্থীর সংখ্যা অত্যাধিক হওয়ায় ২ নং ডরমিটরি ছাড়াও ৪ নং ডরমিটরির ৩য় তলায় মহিলা প্রশিক্ষণার্থীদের আবাসনের ব্যবস্থা করা হবে। এ অবস্থায়, উক্ত ডরমিটরির আবাসন সুবিধা বাড়ানোসহ নিরাপত্তা ও আনুষঙ্গিক সুবিধাদি বৃদ্ধির বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২ নং ডরমিটরিতে শিশু পরিচর্যা কেন্দ্রটি সম্প্রাসারণ করা যায় কিনা, সেটি খতিয়ে দেখার জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ জানানো হয় । এছাড়া, অধিক সংখ্যক শিশুর খাবার প্রস্তুতসহ অন্যান্য প্রয়োজনে অতিরিক্ত গ্যাস স্টোভ বাড়ানোর বিষয়েও আলোচনা হয়।	৮.১ কোর্সে যোগদানেচ্ছু প্রশিক্ষণার্থীদের আমন্ত্রণপত্রে কেন্দ্রের উন্নয়ন কাজের দরুন অসুবিধার বিষয়টি উল্লেখ করতে হবে। **বাস্তবায়নকারী:** সংশ্লিষ্ট কোর্স প্রশাসন ৮.২ ডরমিটরির সম্ভাব্য সংস্কারপূর্বক অংশগ্রহণকারী মা প্রশিক্ষণার্থীর এবং শিশুদের জন্য পর্যাপ্ত সুবিধা নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নকারী:** পরিচালক (প্রশাসন)